

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৮১

২৪/ পানপাত্র ও পানীয় (ﷺ) পরিচ্ছেদঃ ১১. দাঁড়িয়ে থাকাবস্থায় পানি পান করা নিষেধ

باب مَا جَاءَ فِي النَّهْيِ عَنِ الشُّرْبِ، قَائِمًا

আরবী

حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَة، حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِث، عَنْ سَعِيدٍ، عَنْ قَتَادَة، عَنْ أَبِي مُسْلِمٍ الْجَذْمِيّ، عَنِ الْجَارُودِ بْنِ الْمُعَلَّى، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَى عَنِ الشُّرْبِ قَائِمًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَنسٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ حَسَنٌ . وَهَكَذَا رَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ سَعِيدٍ عَنْ قَتَادَةَ عَنْ أَبِي مُسْلِمٍ عَنِ الشَّخِيرِ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرُويِيَ عَنْ قَتَادَةَ عَنْ يَزِيدَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الشَّخِيرِ عَنْ أَبِي مُسْلِمٍ عَنِ الْجَارُودِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " ضَالَّةُ الْمُسْلِمِ حَرْقُ النَّارِ " . وَالْجَارُودُ هُوَ ابْنُ الْمُعَلَّى الْعَبْدِيُّ صَاحِبُ النَّبِيِّ صلى الله عليه وسلم قالَ " ضَالَّةُ الْمُسْلِمِ حَرْقُ النَّارِ " . وَالْجَارُودُ هُوَ ابْنُ الْمُعَلَّى الْعَبْدِيُّ صَاحِبُ النَّبِيِّ صلى الله عليه وسلم وسلم وسلم وسلم وسلم وسلم وسلم ويقالُ الْجَارُودُ بُنُ الْعَلاَءِ أَيْضًا وَالصَّحِيحُ ابْنُ الْمُعَلَّى .

বাংলা

১৮৮১। আল-জারুদ ইবনুল মুআল্লা (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাড়িয়ে থাকাবস্থায় পান করতে নিষেধ করেছেন।

পূর্বের হাদীসের সহায়তায় সহীহ।

আবৃ সাঈদ, আবৃ হুরাইরা ও আনাস (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীসটি বর্ণিত আছে। এ হাদীসটিকে আবৃ ঈসা হাসান গারীব বলেছেন। এ হাদীসটি সাঈদ-কাতাদা হতে, তিনি আবৃ মুসলিম হতে, তিনি আলজারুদ হতে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সূত্রে একাধিক বর্ণনাকারী বর্ণনা করেছেন। কাতাদা-ইয়াযীদ ইবনু আবদুল্লাহ ইবনুশ শিখখীর হতে, তিনি আবৃ মুসলিম হতে, তিনি জারুদ (রাঃ) হতে এই সূত্রে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "মুসলিমের হারানো বস্তু জাহান্নামের লেলিহান (অগ্নি) শিখা সমতুল্য"। জারূদ আল-মুআল্লা আল-আবদীর ছেলে। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একজন সাহাবী। তাকে আল-জারূদ ইবনুল আলাও বলা হয়। তবে ইবনুল মুআল্লাই সঠিক।



English

Narrated Al-Jarud bin Al-'Ala':

"The Prophet (ﷺ) prohibited drinking while standing."

And there are narrations on this topic from Abu Sa'eed, Abu Hurairah, and Anas. And this Hadith is Hasan Gharib. This Hadith was reported from other narrators, from Sa'eed, from Qatadah, from Abu Muslim, from Al-Jarud, that the Prophet () said: "The Muslim's wandering (animal) stirs the Fire." Al-Jarud bin Al-Mu'alla is called Ibn Al-'Al' but what is correct is Al-Mu'alla.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন